

## দিল্লিতে সার্ক বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণের অনুমোদন

■ গৌতম লাহিড়ী, নয়াদিল্লি  
প্রস্তাব গৃহীত হওয়ার ১০ বছর পর  
অবশেষে দিল্লিতে সার্ক বিশ্ববিদ্যালয়  
ভবন নির্মাণের অনুমোদন দিয়েছে  
কর্তৃপক্ষ। এতদিন এ  
বিশ্ববিদ্যালয়ের পঠন-পাঠন চলছিল  
চাঁপক্যপুরীতে অবস্থিত পররাষ্ট্র  
মন্ত্রণালয়ের একটি দপ্তর আকবর  
ভবন থেকে। ২০০৫ সালে সার্ক  
সদস্য দেশগুলো দিল্লিতে একটি  
সার্ক বিশ্ববিদ্যালয় গঠনের প্রস্তাব  
গ্রহণ করে। ২০১০ সালে আকবর  
ভবনে অস্থায়ীভাবে এ  
বিশ্ববিদ্যালয়ের পাঠ শুরু হয়। কিন্তু  
বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস  
ছিল না। দক্ষিণ দিল্লির উপাত্তে  
'একশ' একর জমি ভারত সরকার  
বিশ্ববিদ্যালয়ের জন্য বরাদ্দ করে।  
এ জমি আসোলা ভাট্টি অভয়ারণ্যের  
'একশ' মিটারের মধ্যে বলে পরিবেশ  
মন্ত্রণালয় এতে আপত্তি করে।  
অবশেষে বর্তমান পরিবেশমন্ত্রী  
প্রকাশ জাবেদকর গতকাল এ  
বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণের জন্য  
জমি অধিগ্রহণ মঞ্জুর করেন। শর্ত  
রাখা হয়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ  
তাদের তহবিলের একাংশ ওই  
অভয়ারণ্য সুরক্ষার জন্য ব্যয়  
করবেন। ১ হাজার ২৫৭ কোটি  
রুপি ব্যয়ে বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাস  
নির্মিত হবে। সময় লাগবে ৩ বছর।  
বন বিভাগের অতিরিক্ত কর্মকর্তা  
বিনোদ রাজন জানান, দিল্লি সরকার  
ইতিমধ্যে অনাপত্তি জানিয়ে চিঠি  
দিয়েছে। পরিবেশ মন্ত্রণালয়ের  
মুখপাত্র জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র  
মোদি সার্ক সংগঠনের গুরুত্ব  
বাড়াতে এ বিশ্ববিদ্যালয় স্থাপনে  
উদ্যোগী হন।